# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১৮টি প্রতিষ্ঠানকে ২.৩৭ লক্ষ টাকা জরিমানা

**৮ অক্টোবর ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, বরিশাল, ভোলা ও সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রাজধানী ট্রেডার্স ও ওয়াল্ড কসমেটিকসকে যথাক্রমে **৮,০০০/- (আট হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে তালতলা স্টোরকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২৮,০০০/- (আটাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পশ্চিম এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে বিসমিল্লাহ হোটেল এন্ড রেস্টুরেন্টকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নূর মহল ফুড প্রোডাক্টসকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকাসহ মোট **৮০,০০০/- (আশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩১,০০০/- (একত্রিশ হাজার)** টাকাসহ মোট **৫৪,৫০০/- (চুয়ান্ন হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো: কামাল উদ্দীন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকণের অপরাধে স্বপ্ন সুপার শপকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক জনাব শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে লালবাগ বিরিয়ানী হাউজকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Mcafe Restaurant কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্নকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **৫টি** বাজার তদারকির ও **৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৮টি** প্রতিষ্ঠানকে মোট **২,৩৭,৫০০/- (দুই লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং ৮,৭৫০/- **(আট হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, বরিশাল, ভোলা ও সিলেট।
৭। পুলিশ সুপার, ঢাকা, রাজবাড়ী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী, খুলনা ও কুষ্টিয়া।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।